গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.২০৯.৯২ (অংশ-২)-৩৬৫

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮ / ১২ ডিসেম্বর ২০২১

বিষয়: "মহান বিজয় দিবস-২০২১" উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| ১.০ সভার তারিখ ও সময় | : | ০৬/১২/২০২১ খ্রি: বিকাল ৪.০০ ঘটিকা। |
| ১.১ সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সভাকক্ষ, ব্লক-২ । |
| ১.২ সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| ১.৩ আলোচ্য বিষয় | : | "মহান বিজয় দিবস ২০২১" উদযাপনের সার্বিক প্রস্তুতি। |

"মহান বিজয় দিবস-২০২১" উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয় । সভার শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য বীর মুক্তিযোদ্ধাদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করা হয়। সভাপতি উল্লেখ করেন যে, ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস এবং ১৪ই ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস আমাদের জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ দুটি দিবস। দিবস দুটি যথাযোগ্য মর্যাদায় পালনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনার জন্য এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) কে আহ্বান জানানো হয়।

২.০) যুগ্মসচিব (প্রশাসন) সভায় উল্লেখ করেন যে, মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গত ১৭-০৮-২০২১ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ.ক.ম. মোজাম্মেল হক, এমপি এর সভাপতিত্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত সম্বলিত একটি কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত সভায় মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি চূড়ান্ত করার বিষয়ে ২৮টি খসড়া কর্মসূচি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের ক্রমিক নং-৩ এ উল্লিখিত (ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে/স্থাপনাসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং (গ) গুরুত্বপূর্ণ সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে/স্থাপনাসমূহে আলোকসজ্জা- এ দুটি বিষয়ের সাথে এ বিভাগের কার্যক্রম গ্রহণের সম্পর্ক রয়েছে। এছাড়া অন্যান্য কর্মসূচি বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এর উপর নির্দিষ্টভাবে দায়িত্ব অর্পণ করা হয়েছে। তদুপরি জাতীয়ভাবে মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদার সাথে পালনের নিমিত্ত বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

২.১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এ পর্যায়ে সভাকে অবহিত করেন যে, COVID-19 পরিস্থিতিতে গত বছর বড় পরিসরে কোনো প্রোগ্রাম আয়োজন করা সম্ভব হয়নি। কেন্দ্রীয়ভাবে দিকনির্দেশনার পরিপ্রেক্ষিতে স্বল্প পরিসরে যথাযোগ্য মর্যাদার সাথে মহান বিজয় দিবস পালন করা হয়েছিল এবং এ বিভাগে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মসূচি পালন করা হয়েছে।

২.২) এ পর্যায়ে সভাপতি সভাকে অবহিত করেন যে, মহান বিজয় দিবস-২০২১ যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য কেন্দ্রীয়ভাবে আরো দিক নির্দেশনা/সিদ্ধান্ত আসতে পারে। তাছাড়া ১৭-০৮-২০২১ তারিখের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত কর্মসূচিসমূহের মধ্যে নির্দিষ্ট কোন কর্মসূচিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-কে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ হিসেবে রাখা হয়নি/নির্দেশনা প্রদান করা হয়নি। তাই অন্যান্য সকল সরকারি আধাসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি প্রতিষ্ঠানের ন্যায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে "মহান বিজয় দিবস ২০২১" পালন করতে পারে। পাশাপাশি কেন্দ্রীয়ভাবে যে রকম নির্দেশনা পাওয়া যাবে ঠিক সেভাবেই পরবর্তী করণীয় ঠিক করতে হবে।

চলমান পাতা

পূর্ব পৃষ্ঠার পর:

২.৩) সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিবগণ, যুগ্মসচিব ও উপসচিবগণ এ বিষয়ে তাঁদের মতামত ব্যক্ত করেন। এছাড়াও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালকসহ পরিচালকবৃন্দ সভায় তাঁদের মূল্যবান মতামত ব্যক্ত করেন।

৩. সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) পরিসংখ্যান ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হবে।

খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণ যৌথভাবে বিবিএস এ অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন।

গ) ১৫, ১৬ ও ১৭ ডিসেম্বর তারিখে ভবনে আলোকসজ্জার বিষয়ে মহাপরিচালক,বিবিএস প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

ঘ) মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে ১৬ই ডিসেম্বর ২০২১ তারিখে বিবিএস এর লাইব্রেরী সবার জন্য উন্মুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক বিবিএস প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

ঙ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ে যেসব অফিস রয়েছে সেসব অফিসে অফিস প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে মহান বিজয় দিবস-২০২১ উদযাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

চ) কেন্দ্রীয়ভাবে তাৎক্ষণিক/সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

ছ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ বিষয়ে বিবিএস বরাবর পত্র প্রেরণ করবে এবং বিবিএস বর্ণিত সিদ্ধান্তের আলোকে পরবর্তী পদক্ষেপ নিয়ে এ বিভাগকে অবহিত করবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ/-
ড. শাহনাজ আরেফিন এনডিসি
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৫। পরিচালক (সকল),বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৬। আয়ন ব্যয়ন কর্মকর্তা, হিসাব শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৭। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৮। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। অফিস কপি।

২৯.১২.২১
মো: ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব